

তথ্যবিবরণী

নম্বর-১০৮

প্রধান তথ্য কমিশনার একদিনের সফরে আগামীকাল ময়মনসিংহ আসছেন

ময়মনসিংহ (সোমবার, ০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.);

তথ্য কমিশন বাংলাদেশ এর প্রধান তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক আগামীকাল ০৬ ফেব্রুয়ারি (সোমবার) ময়মনসিংহ আসছেন। সকালে ঢাকাস্থ বাসভবন হতে ময়মনসিংহের উদ্দেশ্যে সড়কপথে যাত্রা করে সকাল ৯:০০ টায় ময়মনসিংহ সার্কিট হাউজে অবস্থান করবেন। পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী দিনের কার্যক্রমে অংশগ্রহণ করবেন তিনি। তারমধ্যে সকাল ৯:০০ টায় ময়মনসিংহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলায় অনুষ্ঠিত তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। তারপর দুপুর ২:০০ টায় নগরীর তারেক স্মৃতি অডিটোরিয়ামে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক জনঅবহিতকরণ সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন। বেলা ৩:৩০ মিনিটে ত্রিশাল উপজেলার নজরুল বালিকা উচ্চ বিদ্যালয় অডিটোরিয়ামে আয়োজিত তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক জনঅবহিতকরণ সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। সফর শেষে ঐদিন বিকাল ৪:০০ টায় ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হয়ে ময়মনসিংহ ত্যাগ করবেন।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/হদা/রেজভী/২০২৪/১৫:৩০ ঘন্টা